প্রতিবন্ধীদের অবহেলা নয় ভালোবাসতে হবে- এমপি টগর

দর্শনায় প্রতিবন্ধিদের মধ্যে হুইল চেয়ার বিতরণ করা হয়েছে। গতকাল সোমবার বিকালে দর্শনা কলেজ মাঠের এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্তিত থেকে প্রতিবন্ধিদের মধ্যে হুইল চেয়ার বিতরণকালে চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য, জনন্দদিত জননেতা হাজি আলী আজগার টগর বলেন, আ.লীগ সরকারের শাসনামলে দেশ বিধবা, প্রতিবন্ধি, মাতৃকালীন, বয়স্ক ভাতাসহ বিভিন্ন সুবিধার ব্যবস্থা করেছে। প্রতিবন্ধিরা এক সময় পরিবারের বোঝা মনে করা হলেও এখন তা নয়। কারণ অনেক প্রতিবন্ধি সরকারের সহযোগীতায় স্বাবলম্বি হয়েছে। তাছাড়া সরকার তাদের নিয়মিত ভাতা ব্যবস্থা চালু করেছে। সেক্ষত্রে প্রতিবন্ধিদের অবহেলা না করে ভালবাসতে হবে।

একটি বেসরকারি সংসংস্থার আয়াজনে হুইল চেয়ার বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, জীবননগর উপজলা পরিষদের চেয়ারম্যান হাফিজুর রহমান হাফিজ, সাবেক চেয়ারম্যান গোলাম মর্তূজা, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, কেরুজ অবসরপ্রাপ্ত এডিএম শেখ শাহাব উদ্দিন, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, জেসিআই ঢাকা এ্যাস্ট্রালের পরিচালক মুনতাসির আজগার আকাশ, সংস্থার সভাপতি সাবির সামি মুহিত, শিকড় কল্যান সংস্থার সাধারণ সম্পাদক আবিদ জামাল, দর্শনা পৌর আ.লীগের সভাপতি বীর মুক্তিযাদ্ধা রুস্তম আলী, দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সভাপতি টিপু সুলতান, দর্শনা পৌর ছাত্রলীগের সভাপতি রফিকুল ইসলাম ববি, কলেজ ছাত্রলীগের সভাপতি নাহিদ পারভেজ, সাধারণ সম্পাদক তোফাজ্জেল হোসেন তপু প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তেলোয়াত করা হয়। পরে অতিথিদের সংস্থার পক্ষ থেক উত্তরণী পরিয়ে দেয়া হয়েছে। এমপি আলী আজগার টগরকে ফুলেল শুভেচ্ছা সহ সম্মাননা স্মারক দেওয়া হয়। সার্বিক অনুষ্ঠানটি উপস্থাপনা করেন সাংবাদিক মিঠুন মাহমুদ।